# শিশু আইন, ২০১৩

# The Children Act, 2013

[২০১৮ সনের সর্বশেষ সংশোধনীসহ]

বাংলা-ইংরেজী


মোঃ জহুরুল ইসলাম

জেলা ও দায়রা জজ (অব.)


- শিশু আইন, ২০১৩ (সংশোধন, ২০১৮)
- শিশু বিধিমালা, ১৯৭৬
- জাতিসংঘ শিশু অধিকার সনদ, ১৯৮৯
- জাতীয় শিশুনীতি
- কারাগারে আটক শিশুদের উন্নয়নের টাস্কফোর্স
- শিশু বিক্রি, শিশু বেশ্যাবৃত্তি ও শিশু পর্নোগ্রাফি বিষয়ে শিশু অধিকার সনদের ঐচ্ছিক প্রটোকল (২০০০)
- কিশোর অপরাধ প্রতিরোধে জাতিসংঘ নির্দেশাবলী (রিয়াদ নির্দেশাবলী) ১৯৯০


ইউনিক ল' বুক হাউস

# সূচিপত্র

## শিশু আইন, ২০১৩

### প্রথম অধ্যায়
### প্রারম্ভিক


| | | |
|---|---|---|
| ১। | সংক্ষিপ্ত শিরোনাম এবং প্রবর্তন | ১৫ |
| ২। | সংজ্ঞা | ১৬ |
| ৩। | আইনের প্রাধান্য | ২০ |
| ৪। | শিশু | ২০ |


### দ্বিতীয় অধ্যায়
### প্রবেশন কর্মকর্তা নিয়োগ এবং তাহাদের দায়িত্ব ও কর্তব্য


| | | |
|---|---|---|
| ৫। | প্রবেশন কর্মকর্তা | ২১ |
| ৬। | প্রবেশন কর্মকর্তার দায়িত্ব ও কর্তব্য | ২২ |


### তৃতীয় অধ্যায়
### শিশুকল্যাণ বোর্ড এবং উহার কার্যাবলী


| | | |
|---|---|---|
| ৭। | জাতীয় শিশুকল্যাণ বোর্ড ও উহার কার্যাবলী | ২৬ |
| ৮। | জেলা শিশুকল্যাণ বোর্ড ও উহার কার্যাবলী | ৩০ |
| ৯। | উপজেলা শিশুকল্যাণ বোর্ড ও উহার কার্যাবলী | ৩৩ |
| ১০। | বোর্ডের মনোনীত কর্মকর্তার মেয়াদ, ইত্যাদি | ৩৬ |
| ১১। | বোর্ডের সভা | ৩৬ |
| ১২। | জেলা শিশুকল্যাণ বোর্ড এবং উপজেলা শিশুকল্যাণ বোর্ড-এর উপদেষ্টা | ৩৭ |


### চতুর্থ অধ্যায়
### শিশুবিষয়ক ডেস্ক, শিশুবিষয়ক পুলিশ কর্মকর্তা, ইত্যাদি


| | | |
|---|---|---|
| ১৩। | শিশুবিষয়ক ডেস্ক | ৩৮ |
| ১৪। | শিশুবিষয়ক পুলিশ কর্মকর্তার দায়িত্ব ও কার্যাবলি | ৩৯ |
| ১৫। | পুলিশ রিপোর্ট বা অনুসন্ধান প্রতিবেদন বা তদন্ত প্রতিবেদন পৃথকভাবে প্রস্তুত ও আমলে গ্রহণ | ৪১ |
| ১৫ক। | মামলা বিচারের জন্য প্রেরণ বা স্থানান্তর | ৪২ |

# Index

## The Children Act, 2013

### Chapter-I
### PRELIMINARY


| | | |
|---|---|---|
| 1. | Short title and commencement | 16 |
| 2. | Definitions | 18 |
| 3. | Overriding effect of the Act | 20 |
| 4. | Child | 20 |


### Chapter-II
### APPOINTMENT OF PROBATION OFFICERS AND THEIR DUTIES AND RESPONSIBILITIES


| | | |
|---|---|---|
| 5. | Probation Officer | 21 |
| 6. | Duties and responsibilities of a Probation Officer | 23 |


### Chapter-III
### CHILD WELFARE BOARDS AND THEIR FUNCTIONS


| | | |
|---|---|---|
| 7. | National Child Welfare Board and its functions | 28 |
| 8. | District Child Welfare Board and its functions. | 32 |
| 9. | Upazila Child Welfare Board and its functions. | 34 |
| 10. | Tenure, etc. of the officers nominated to the Board. | 36 |
| 11. | Meetings of the Board | 37 |
| 12. | Advisor to the District Child Welfare Board and Upazila Child Welfare Board | 38 |


### Chapter-IV
### CHILD AFFAIRS DESK, CHILD AFFAIRS POLICE OFFICER ETC.


| | | |
|---|---|---|
| 13. | Child Affairs Desk | 39 |
| 14. | Duties and functions of Child Affairs Police Officer | 40 |
| 15. | Police report or inquiry report or investigation report is prepared separately and taken in the period. | 41 |
| 15a. | Sent the case for trial or transfer | 42 |

## পঞ্চম অধ্যায়

## শিশু-আদালত এবং উহার কার্যবিবরণী


| | | |
|---|---|---|
| ১৬। | শিশু-আদালত | ৪৩ |
| ১৭। | শিশু-আদালতের অধিবেশন ও ক্ষমতা | ৪৪ |
| ১৮। | শিশু-আদালতের ক্ষমতা | ৪৫ |
| ১৯। | শিশু-আদালতের পরিবেশ ও সুবিধাসমূহ | ৪৫ |
| ২০। | শিশুর বয়স নির্ধারণে প্রাসঙ্গিক তারিখ | ৪৬ |
| ২১। | [*****] বয়স অনুমান ও নির্ধারণ | ৪৬ |
| ২২। | বিচার প্রক্রিয়ায় শিশুর অংশগ্রহণ | ৪৮ |
| ২৩। | শিশু-আদালতের অধিবেশনে উপস্থিতির অনুমতিপ্রাপ্ত ব্যক্তি | ৫০ |
| ২৪। | অভিযুক্ত শিশুর মাতা-পিতা বা অভিভাবকের শিশু-আদালতে উপস্থিতি | ৫১ |
| ২৫। | শিশু ব্যতীত অন্য সকল ব্যক্তিকে শিশু-আদালত হইতে প্রত্যাহার | ৫১ |
| ২৬। | [*****] শিশুকে নিরাপদ হেফাজতে রাখা | ৫২ |
| ২৭। | ভাষা, দোভাষী ও অন্যান্য বিশেষ সহায়তামূলক পদক্ষেপ | ৫৩ |
| ২৮। | শিশু-আদালতের কার্যক্রমের গোপনীয়তা | ৫৩ |
| ২৯। | শিশু-আদালত কর্তৃক আইনের সহিত সংঘাতে জড়িত শিশুর জামিনে মুক্তি প্রদান | ৫৪ |
| ৩০। | শিশু-আদালত কর্তৃক আদেশ প্রদানের ক্ষেত্রে বিবেচ্য বিষয় | ৫৫ |
| ৩১। | সামাজিক অনুসন্ধান প্রতিবেদন | ৫৬ |
| ৩২। | বিচার সমাপ্তির সময়সীমা | ৫৭ |
| ৩৩। | শিশুর ওপর নির্দিষ্ট ধরনের দণ্ড আরোপে বাধা-নিষেধ | ৫৮ |
| ৩৪। | শিশু-আদালত কর্তৃক প্রদত্ত আটকাদেশ, ইত্যাদি | ৫৯ |
| ৩৫। | নির্দিষ্ট বিরতিতে পর্যালোচনা ও মুক্তি প্রদান | ৬২ |
| ৩৬। | আদেশ প্রদানের ক্ষেত্রে পরিভাষা ব্যবহার | ৬৩ |
| ৩৭। | বিরোধ মীমাংসা | ৬৪ |
| ৩৮। | ক্ষতিপূরণ প্রদান | ৬৫ |
| ৩৯। | মাতা-পিতার ওপর ক্ষতিপূরণের অর্থ প্রদান করিবার আদেশ | ৬৫ |
| ৪০। | বিচারের ফলাফল ও মুক্তি সম্পর্কে তথ্য | ৬৭ |
| ৪১। | আপিল ও পুনর্বিবেচনা | ৬৮ |
| ৪২। | ফৌজদারী কার্যবিধির বিধানাবলীর প্রযোজ্যতা | ৬৯ |
| ৪৩। | দোষী সাব্যস্ত হইবার কারণে অযোগ্যতার অপসারণ, ইত্যাদি | ৬৯ |


## ষষ্ঠ অধ্যায়

## গ্রেফতার, তদন্ত, বিকল্প পন্থা (Diversion) এবং জামিন


| | | |
|---|---|---|
| ৪৪। | গ্রেফতার, ইত্যাদি | ৭০ |
| ৪৫। | মাতা-পিতা ও প্রবেশন কর্মকর্তাকে অবহিতকরণ | ৭২ |

৪৬। তদন্ত ৭৩
৪৭। জবানবন্দি, সতর্কীকরণ ও মুক্তি ৭৩
৪৮। বিকল্প পন্থা (diversion) ৭৪
৪৯। পারিবারিক সম্মেলন ৭৬
৫০। বিকল্প পন্থার মেয়াদ ৭৭
৫১। বিকল্প পন্থার শর্ত ভঙ্গ বা বিকল্প পন্থার আদেশ পালনে ব্যর্থতা ৭৭
৫২। জামিন, ইত্যাদি ৭৯
৫৩। আইনের সংস্পর্শে আসা শিশু সম্পর্কে অবহিত করিবার দায়িত্ব ৮০
৫৪। আইনের সংস্পর্শে আসা শিশুর ক্ষেত্রে বিশেষ ব্যবস্থা ও সুরক্ষা ৮১

### সপ্তম অধ্যায়

### আইনগত প্রতিনিধিত্ব ও সহায়তা

৫৫। আইনগত প্রতিনিধিত্ব, ইত্যাদি ৮৪
৫৬। আইনগত প্রতিনিধির উপস্থিতি ৮৫
৫৭। অপর্যাপ্ত আইনগত প্রতিনিধিত্ব ও অসদাচরণ ৮৬
৫৮। সুরক্ষামূলক পদক্ষেপ ৮৭

### অষ্টম অধ্যায়

### শিশু উন্নয়ন কেন্দ্র এবং প্রত্যয়িত প্রতিষ্ঠান

৫৯। শিশু উন্নয়ন কেন্দ্র প্রতিষ্ঠা ও প্রত্যয়ন ৮৭
৬০। বেসরকারি উদ্যোগে প্রত্যয়িত প্রতিষ্ঠান ৮৮
৬১। বৈধ প্রত্যয়নপত্র ব্যতীত প্রতিষ্ঠান পরিচালনার দণ্ড ৮৮
৬২। প্রত্যয়িত প্রতিষ্ঠানে অবস্থানরত শিশুদের বিষয়ে অধিদপ্তরকে অবহিতকরণ ৮৯
৬৩। পরিচর্যার ন্যূনতম মানদণ্ড (Minimum Standards of Care) ৮৯
৬৪। সরকার বা উহার প্রতিনিধি কর্তৃক প্রত্যয়িত প্রতিষ্ঠান পরিদর্শন ৯১
৬৫। বিভিন্ন প্রতিষ্ঠানের মধ্যে স্থানান্তর ৯১
৬৬। অন্য প্রতিষ্ঠানে হস্তান্তর ৯২
৬৭। সরকারের প্রত্যয়নপত্র প্রত্যাহারের ক্ষমতা ৯২
৬৮। শিশুর ওপর জিম্মাদারের নিয়ন্ত্রণ ৯৩
৬৯। পলাতক শিশু সম্পর্কে করণীয় ৯৩

### নবম অধ্যায়

### শিশু সংক্রান্ত বিশেষ অপরাধসমূহের দণ্ড

৭০। শিশুর প্রতি নিষ্ঠুরতার দণ্ড ৯৪
৭১। শিশুকে ভিক্ষাবৃত্তিতে নিয়োগের দণ্ড ৯৫
৭২। শিশুর দায়িত্বে থাকাকালে নেশাগ্রস্ত হইবার দণ্ড ৯৫

| | | |
|---|---|---|
| ৭৩। | শিশুকে নেশাগ্রস্তকারী মাদকদ্রব্য কিংবা বিপজ্জনক ঔষধ প্রদানের দণ্ড | ৯৬ |
| ৭৪। | মাদকদ্রব্য কিংবা বিপজ্জনক ঔষধ বিক্রয়ের স্থানসমূহে প্রবেশের অনুমতিদানের দণ্ড | ৯৬ |
| ৭৫। | শিশুকে বাজি ধরিতে বা ঋণ গ্রহণে উসকানি প্রদানের দণ্ড | ৯৭ |
| ৭৬। | শিশুর নিকট হইতে দ্রব্যাদি বন্ধক গ্রহণ বা ক্রয় করিবার দণ্ড | ৯৭ |
| ৭৭। | শিশুকে যৌনপল্লীতে থাকিবার অনুমতিদানের দণ্ড | ৯৮ |
| ৭৮। | শিশুকে অসৎ পথে পরিচালনা করানো বা করিতে উৎসাহদানের দণ্ড | ৯৮ |
| ৭৯। | শিশুর দ্বারা আগ্নেয়াস্ত্র বা অবৈধ ও নিষিদ্ধ বস্তু বহন এবং সন্ত্রাসী কার্য সংঘটনের দণ্ড | ১০০ |
| ৮০। | শিশুকে শোষণের দণ্ড | ১০০ |
| ৮১। | সংবাদ মাধ্যম কর্তৃক কোন গোপন তথ্য প্রকাশের দণ্ড | ১০২ |
| ৮২। | শিশুকে পলায়নের সহায়তার দণ্ড | ১০৩ |
| ৮৩। | মিথ্যা তথ্য প্রদানের ক্ষতিপূরণ | ১০৩ |


**দশম অধ্যায়**
**বিকল্প পরিচর্যা, ইত্যাদি**


| | | |
|---|---|---|
| ৮৪। | বিকল্প পরিচর্যা (alternative care) | ১০৪ |
| ৮৫। | সুবিধাবঞ্চিত শিশুদের জন্য প্রাতিষ্ঠানিক পরিচর্যা | ১০৬ |
| ৮৬। | বিকল্প পরিচর্যা নির্ধারণকারী | ১০৭ |
| ৮৭। | অধিদপ্তর কর্তৃক বিকল্প পরিচর্যা ব্যবস্থা প্রতিষ্ঠা | ১০৭ |
| ৮৮। | বিকল্প পরিচর্যার মেয়াদ ও অনুসরণ (Follow-up) | ১০৮ |
| ৮৯। | সুবিধাবঞ্চিত শিশু | ১০৯ |
| ৯০। | ব্যক্তি বা সংস্থা কর্তৃক শিশুকে প্রেরণ, ইত্যাদি | ১১১ |
| ৯১। | পুলিশ কর্তৃক শিশুকে প্রেরণ | ১১২ |
| ৯২। | শিশুর যাচাই (Assessment) | 113 |
| ৯৩। | শিশুকল্যাণ বোর্ড-এ তথ্য উপস্থাপন | ১১৪ |
| ৯৪। | [****] | ১১৪ |


**একাদশ অধ্যায়**
**বিবিধ বিধানাবলী**


| | | |
|---|---|---|
| ৯৫। | বিধি প্রণয়নের ক্ষমতা | ১১৪ |
| ৯৬। | আইনের কার্যকর বাস্তবায়নে সরকারের দায়িত্ব | ১১৪ |
| ৯৭। | অস্পষ্টতা দূরীকরণ | ১১৫ |
| ৯৮। | সরল বিশ্বাসে কৃত কাজকর্ম রক্ষণ | ১১৫ |
| ৯৯। | ইংরেজিতে অনূদিত পাঠ প্রকাশ | ১১৫ |
| ১০০। | রহিতকরণ ও হেফাজত | ১১৫ |

## শিশু বিধিমালা, ১৯৭৬

## The Children Rule, 1976


| | | |
|---|---|---|
| ১। | সংক্ষিপ্ত শিরোনাম | ১১৮ |
| ২। | সংজ্ঞা | ১১৮ |
| ৩। | আদালতের অধিবেশন ও মুলতবি | ১১৮ |
| ৪। | আদালত কর্তৃক অনুসরণীয় পদ্ধতি | ১১৯ |
| ৫। | কোন প্রতিষ্ঠানকে প্রত্যয়ন বা স্বীকৃতি প্রদান | ১২০ |
| ৬। | প্রতিষ্ঠানকে প্রত্যয়ন অথবা স্বীকৃতিদানের পদ্ধতি, ইত্যাদি | ১২০ |
| ৭। | দুস্থ, উপেক্ষিত অথবা নিপীড়িত শিশুদের আত্মীয়-স্বজন অথবা উপযুক্ত ব্যক্তির নিকট ন্যস্তকরণ | ১২০ |
| ৮। | নিবাসী পর্যবেক্ষণ | ১২১ |
| ৯। | প্রত্যয়িত প্রতিষ্ঠা ব্যবস্থাপনা | ১২১ |
| ১০। | কমিটি | ১২১ |
| ১১। | পরিদর্শক কমিটির কার্যাবলী | ১২২ |
| ১২। | বাহিরে অবস্থানের লাইসেন্স | ১২২ |
| ১৩। | নথি সংরক্ষণ | ১২২ |
| ১৪। | হিসাব এবং নিরীক্ষা | ১২৩ |
| ১৫। | নিবাসীদের চিকিৎসা সুবিধা | ১২৩ |
| ১৬। | মারাত্মক রোগাক্রান্ত শিশু | ১২৩ |
| ১৭। | নিবাসীদের খাদ্য ও পোশাক | ১২৪ |
| ১৮। | নিবাসীদের শিক্ষা ও প্রশিক্ষণ | ১২৪ |
| ১৯। | নিবাসীদের ছুটি | ১২৪ |
| ২০। | প্রধান পরিদর্শকের ক্ষমতা ও দায়িত্ব | ১২৪ |
| ২১। | প্রবেশন কর্মকর্তার ক্ষমতা ও দায়িত্ব | ১২৫ |
| ২২। | নিবাসীদের বিভিন্ন গ্রেডে বিভক্তকরণ | ১২৫ |
| ২৩। | নিষিদ্ধ কর্মকাণ্ড | ১২৭ |
| ২৪। | শাস্তি | ১২৮ |
| ২৫। | কর্মঘণ্টা | ১২৯ |
| ২৬। | বিধি প্রণয়নের ক্ষমতা | ১৩৫ |
| ২৭। | মামলা সম্পর্কিত বিধান | ১৩৫ |

❑ জাতিসংঘ শিশু অধিকার সনদ, ১৯৮৯ ১৩৬
❑ জাতীয় শিশুনীতি ১৫৭
❑ কারাগারে আটক শিশুদের উন্নয়নের টাস্কফোর্স ১৬৬
❑ শিশু বিক্রি, শিশু বেশ্যাবৃত্তি ও শিশু পর্ণোগ্রাফি বিষয়ে শিশু অধিকার সনদের ঐচ্ছিক প্রটোকল (২০০০) ১৬৯
❑ জাতিসংঘের শিশু অধিকার ঘোষণা (১৯৫৯) ১৭৭
❑ কিশোর অপরাধ প্রতিরোধে জাতিসংঘ নির্দেশাবলী (রিয়াদ নির্দেশাবলি) ১৯৯০ ১৭৯

পরিশিষ্ট

❑ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানে শিশুর যে সকল অধিকার ১৮২
❑ বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (শিশু ও কিশোর সম্পর্কিত ধারাসমূহ) ১৮৪
❑ সাবালকত্ব আইন, ১৮৭৫ ১৯১
❑ ফৌজদারি কার্যবিধি, ১৮৯৮ (শিশু সম্পর্কিত ধারাসমূহের অংশ) ১৯২
❑ দণ্ডবিধি, ১৮৬০ (শিশু সম্পর্কিত ধারাসমূহের অংশ) ১৯৩
❑ সাক্ষ্য আইন, ১৮৭২ (শিশু সম্পর্কিত ধারাসমূহের অংশ) ১৯৬
❑ চুক্তি আইন, ১৮৭২ (শিশু সম্পর্কিত ধারাসমূহের অংশ) ১৯৭
❑ দেওয়ানি কার্যবিধি, ১৯০৮ (শিশু সম্পর্কিত ধারাসমূহের অংশ) ১৯৮
❑ খনি আইন, ১৯২৩ (শিশু সম্পর্কিত ধারাসমূহের অংশ) ২০০

# শিশু আইন, ২০১৩

# The Children Act, 2013

[২০১৩ সালের ২৪ নং আইন]

**(২০১৮ সনের সংশোধনীসহ)**

*[২০ জুন, ২০১৩]*

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ২০ জুন, ২০১৩ (০৬ আষাঢ়, ১৪২০) তারিখে রাষ্ট্রপতির সম্মতি লাভ করিয়াছে এবং এতদ্দ্বারা এই আইনটি সর্বসাধারণের জন্য প্রকাশ করা যাইতেছে ঃ–

জাতিসংঘ শিশু অধিকার সনদ বাস্তবায়নের নিমিত্ত বিদ্যমান শিশু আইন রহিতক্রমে এতদসংক্রান্ত একটি নতুন আইন প্রণয়নের লক্ষ্যে প্রণীত আইন। যেহেতু জাতিসংঘ শিশু অধিকার সনদে বাংলাদেশ পক্ষভুক্ত হইয়াছে ; এবং

যেহেতু উক্ত সনদ-এর বিধানাবলী বাস্তবায়নের নিমিত্ত বিদ্যমান শিশু আইন রহিতপূর্বক উহা পুনঃপ্রণয়ন ও সংহত করিবার লক্ষ্যে একটি নতুন আইন প্রণয়ন করা সমীচীন ও প্রয়োজনীয় ;

সেহেতু এতদ্দ্বারা আইন করা হইল ঃ–

**An Act to provide for a new law for the purpose of implementing the United Nations Convention on the Rights of the Child by repealing the existing Children Act**

WHEREAS Bangladesh has become a party to the United Nations Convention on the Rights of the Child; and

WHEREAS it is expedient and necessary to provide for a new law to consolidate and reenact the existing Children Act, by repealing it, for the purpose of implementing the provisions of the said Convention;

It is hereby enacted as follows:

## প্রথম অধ্যায়

## প্রারম্ভিক

## PRELIMINARY

**ধারা-১। সংক্ষিপ্ত শিরোনাম এবং প্রবর্তন।**—(১) এই আইন শিশু আইন, ২০১৩ নামে অভিহিত হইবে।

(২) সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, যে তারিখ নির্ধারণ করিবে, সেই তারিখে এই আইন কার্যকর হইবে।

*[নোট: এসআরও নং ২৭৫-আইন/২০১৩, তারিখ ১৮/৮/২০১৩ ইং দ্বারা ২১ আগস্ট, ২০১৩ তারিখ হইতে এই আইন কার্যকর হইয়াছে]*

**Section-1. Short title and commencement.**– (1) This Act may be called the Children Act, 2013.

It shall come into force on such date as the Government may, by notification in the *official Gazette*, appoint.

**ধারা-২। সংজ্ঞা।**—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কিছু না থাকিলে, এই আইনে —

(১) 'অধিদপ্তর' অর্থ সমাজসেবা অধিদপ্তর।

(২) 'আইনানুগ বা বৈধ অভিভাবক' অর্থ এমন কোন ব্যক্তি যিনি Guardian and Wards Act, 1890 (Act No. VIII of 1890)-এর section 7-এর অধীনে শিশুর কল্যাণার্থে, আদালত কর্তৃক নিয়োগপ্রাপ্ত বা ঘোষিত অভিভাবক (guardian);

(৩) 'আইনের সহিত সংঘাতে জড়িত শিশু (Children in Conflict with the Law), অর্থ এমন কোন শিশু যে, দণ্ডবিধির ধারা ৮২ ও ৮৩ এ বিধান সাপেক্ষে, বিদ্যমান কোন আইনের অধীন কোন অপরাধের দায়ে অভিযুক্ত অথবা বিচারে দোষী সাব্যস্ত;

(৪) 'আইনের সংস্পর্শে আসা শিশু (Children in Contact with the Law)' অর্থ এমন কোন শিশু, যে বিদ্যমান কোন আইনের অধীনে কোন অপরাধের শিকার বা সাক্ষী;

(৫) 'দণ্ডবিধি' অর্থ Penal Code, 1860 (Act No. LV of 1860);

(৬) 'ধারা' অর্থ এই আইনের কোন ধারা;

(৭) 'নিরাপদ স্থান (Safe Home)' অর্থ কোন প্রত্যয়িত প্রতিষ্ঠান বা এমন কোন স্থান বা প্রতিষ্ঠান যাহার কর্তৃপক্ষ এই আইনের অধীন শিশু-আদালত, শিশুবিষয়ক পুলিশ কর্মকর্তা, প্রবেশন কর্মকর্তা বা ক্ষেত্রমত, অন্য কোন ব্যক্তি বা কর্তৃপক্ষ কর্তৃক প্রেরিত শিশুকে নিরাপদ হেফাজতে রাখিবার দায়িত্ব পালন করে;

(৮) 'প্রত্যয়িত প্রতিষ্ঠান' অর্থ ধারা ৫৯ ও ৬০ এ উল্লিখিত কোন প্রত্যয়িত প্রতিষ্ঠান;

(৯) 'প্রবেশন কর্মকর্তা (Probation Officer)' অর্থ ধারা ৫ এ উল্লিখিত কোন প্রবেশন কর্মকর্তা;

(১০) 'ফৌজদারী কার্যবিধি' অর্থ Code of Criminal Procedure, 1898 (Act No. V of 1898);

(১১) 'বর্ধিত পরিবার (extended family)' অর্থ দাদা, দাদী, নানা, নানী, চাচা, চাচী, ফুফা, ফুফু, মামা, মামী, খালা, খালু, ভাই, ভাবী, ভগ্নি, ভগ্নিপতি বা এইরূপ রক্তসম্পর্কীয় অথবা আত্মীয়তার বন্ধনে আবদ্ধ কোন আত্মীয়ের পরিবার;

(১২) 'বিকল্প পরিচর্যা (alternative care)' অর্থ ধারা ৮৪ এর অধীন গৃহীত কোন ব্যবস্থা ;

(১৩) 'বিকল্প পন্থা (diversion)' অর্থ ধারা ৪৮ এর অধীন গৃহীত কোন ব্যবস্থা ;

(১৪) 'ব্যক্তি' অর্থে, প্রযোজ্য ক্ষেত্রে, কোন কোম্পানি, সমিতি, সংস্থা বা প্রতিষ্ঠানও অন্তর্ভুক্ত হইবে ;

(১৫) 'বোর্ড' বা 'শিশুকল্যাণ বোর্ড' অর্থ ধারা ৭, ৮ ও ৯-এর অধীন গঠিত, ক্ষেত্রমত, জাতীয় শিশুকল্যাণ বোর্ড, জেলা শিশুকল্যাণ বোর্ড বা উপজেলা শিশুকল্যাণ বোর্ড ;

(১৬) 'ভিক্ষা' অর্থ কোন ব্যক্তির নিকট হইতে অর্থ, অন্ন, বস্ত্র বা অন্য কোন দ্রব্যাদি প্রাপ্তি বা আদায়ের উদ্দেশ্যে —

(ক) কোন শিশুকে প্রদর্শন বা ব্যবহার করিয়া প্রকাশ্য স্থানে নাচ, গান, ভাগ্য গণনা, পবিত্র স্তবক পাঠ অথবা ভিন্ন কোন কলা-কৌশল গ্রহণ করা, ভান করিয়া হউক বা না হউক ; বা

(খ) কোন শিশুর দেহে অনৈতিক প্রক্রিয়ায় ঘা, ক্ষত, আঘাত সৃষ্টি করা বা শিশুকে বিকলাঙ্গতায় পরিণত করা এবং অনুরূপ ঘা, ক্ষত, আঘাত বা বিকলাঙ্গতা প্রদর্শন করা বা প্রদর্শনের জন্য অনাবৃত রাখা ; বা

(গ) মাদকদ্রব্য বা ঔষধ সেবনের মাধ্যমে কোন শিশুকে নিস্তেজ বা নির্জীব করিয়া রাখা বা ভিন্ন কোন উপায়ে মৃত হিসাবে সাজাইয়া রাখা ;

[১][(১৬ক) "ম্যাজিস্ট্রেট" অর্থ ফৌজদারী কার্যবিধির ধারা ৬ এর উপ-ধারা (৩) এ উল্লিখিত জুডিশিয়াল বা মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট যাহার অপরাধ আমলে গ্রহণ করিবার ক্ষমতা রহিয়াছে;]

(১৭) 'শিশু' অর্থ ধারা ৪ এ উল্লিখিত শিশু হিসাবে নির্ধারিত কোন ব্যক্তি ;

[২][(১৮) 'শিশু-আদালত' অর্থ ধারা ১৬ এ উল্লিখিত কোন আদালত] ;

(১৯) 'শিশু উন্নয়ন কেন্দ্র' অর্থ ধারা ৫৯ এর অধীন প্রতিষ্ঠিত কোন শিশু উন্নয়ন কেন্দ্র ;

(২০) 'শিশুবিষয়ক পুলিশ কর্মকর্তা' অর্থ ধারা ১৩ এর উপ-ধারা (২) এ উল্লিখিত শিশুবিষয়ক ডেস্ক এর দায়িত্বপ্রাপ্ত পুলিশ কর্মকর্তা ;

(২১) 'সমাজকর্মী' অর্থ অধিদপ্তরে বা উহার অধীনে কর্মরত ইউনিয়ন সমাজকর্মী বা পৌর সমাজকর্মী অথবা খালাম্মা, বড় ভাইয়া বা উক্তরূপ সমমানের কোন কর্মী, যে নামেই অভিহিত হউক না কেন, যিনি শিশুদের সেবাদানের সহিত সংশ্লিষ্ট ;

---

১ ২০১৮ সনের ৫৪নং আইন দ্বারা নতুন দফা (১৬ক) সন্নিবেশিত।

২ ২০১৮ সনের ৫৪নং আইন দ্বারা দফা ১৮ এর পরিবর্তে প্রতিস্থাপিত।

(২২) 'সামাজিক অনুসন্ধান প্রতিবেদন' অর্থ ধারা ৩১ এ উল্লিখিত সামাজিক অনুসন্ধান প্রতিবেদন ;

(২৩). 'সুবিধাবঞ্চিত শিশু' অর্থ ধারা ৮৯ এর উপ-ধারা (১) এ উল্লিখিত কোন শিশু;

(২৪) 'সভাপতি' অর্থ ক্ষেত্রমত, জাতীয় শিশুকল্যাণ বোর্ড, জেলা শিশুকল্যাণ বোর্ড বা উপজেলা শিশুকল্যাণ বোর্ড-এর সভাপতি।

**Section-2. Definitions.**–In this Act, unless there is anything repugnant in the subject or context,

(1) "Department" means the Department of Social Services;

(2) "legal or lawful guardian" means such a person who is, in the interest of the child, appointed or declared by the court as a guardian under section 7 of the Guardians and Wards Act, 1890 (Act No. VIII of 1890);

(3) "child in conflict with the law" means any child who is, subject to the provisions of sections 82 and 83 of the Penal Code, accused of any offence under any existing law or found guilty upon trial;

(4) "child in contact with the law" means any child who has been victim of, or witness to, any offence under any existing law;

(5) "Penal Code" means the Penal Code, 1860 (Act No. X LV of 1860);

(6) "section" means any section of this Act;

(7) "Safe Home" means any certified institute or any such place or establishment, the authority of which carries out the duty of keeping, in safe custody, the child sent thereto under this Act by a Children's Court, the Child Affairs Police Officer, the Probation Officer or, as the case may be, any other person or authority;

(8) "certified institute" means any certified institute mentioned in sections 59 and 60;

(9) "Probation Officer" means any Probation Officer mentioned in section 5;

(10) "Code of Criminal Procedure" means the Code of Criminal Procedure, 1898 (Act No. V of 1898);

## দ্বিতীয় অধ্যায়
## প্রবেশন কর্মকর্তা নিয়োগ এবং তাহাদের দায়িত্ব ও কর্তব্য
## APPOINTMENT OF PROBATION OFFICERS AND THEIR DUTIES AND RESPONSIBILITIES

**ধারা-৫। প্রবেশন কর্মকর্তা।**—(১) এই আইনের অধীন দায়িত্ব পালনের জন্য সরকার, ক্ষেত্রমত, প্রত্যেক জেলা, উপজেলা এবং মেট্রোপলিটন এলাকায় এক বা একাধিক প্রবেশন কর্মকর্তা নিয়োগ করিবে।

(২) উপ-ধারা (১) এ যাহা কিছুই থাকুক না কেন, এই আইন কার্যকর হইবার অব্যবহিত পূর্বে, বিদ্যমান অন্য কোন আইনের অধীন কোন ব্যক্তিকে প্রবেশন কর্মকর্তা হিসাবে নিয়োগ করা হইলে তিনি, পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত, এই আইনের অধীন প্রবেশন কর্মকর্তা হিসাবে এমনভাবে দায়িত্ব পালন করিবেন যেন তিনি উপ-ধারা (১) এর অধীন নিয়োগপ্রাপ্ত হইয়াছেন।

(৩) কোন এলাকায় প্রবেশন কর্মকর্তা নিয়োগ না করা পর্যন্ত সরকার, প্রবেশন কর্মকর্তার দায়িত্ব পালনের জন্য, অধিদপ্তরে এবং উহার নিয়ন্ত্রণাধীন বিভিন্ন জেলা ও উপজেলায় কর্মরত সমাজসেবা কর্মকর্তা বা সমমানের অন্য কোন কর্মকর্তাকে প্রবেশন কর্মকর্তার দায়িত্ব অর্পণ করিতে পারিবে।

**Section-5. Probation Officer.–** (1) For performing functions under this Act, the Government shall appoint one or more Probation Officers in every district, upazila and metropolitan area, as the case may be.

(2) Notwithstanding anything contained in sub-section (1), if any person is appointed as a Probation Officer under any other existing law immediately before the commencement of this Act, he shall continue to work as a Probation Officer under this Act until further direction is given as if he had been appointed as a Probation Officer under sub-section (1).

(3) Until a Probation Officer is appointed for any area, the Government may delegate the responsibilities of the Probation Officer to any Social Services Officer or any other officer of similar rank working in the Department or in different districts or upazilas under the Department.

**ধারা-৬। প্রবেশন কর্মকর্তার দায়িত্ব ও কর্তব্য।**—প্রবেশন কর্মকর্তার দায়িত্ব ও কর্তব্য হইবে নিম্নরূপ ; যথাঃ—

(ক) আইনের সংস্পর্শে আসা শিশু বা আইনের সহিত সংঘাতে জড়িত শিশুকে থানায় আনয়ন করা হইলে অথবা অন্য কোনভাবে থানায় আগত হইলে, প্রযোজ্য ক্ষেত্রে, —

(অ) আনয়ন বা আগমনের কারণ অবগত হওয়া ;

(আ) সংশ্লিষ্ট শিশুর সহিত সাক্ষাৎ করা এবং সকল ধরনের সহযোগিতা প্রদানের বিষয়ে তাহাকে আশ্বস্ত করা ;

(ই) সংশ্লিষ্ট অভিযোগ বা মামলা চিহ্নিত করিতে পুলিশের সহিত যোগাযোগ ও সমন্বয় সাধন করা ;

(ঈ) সংশ্লিষ্ট শিশুর মাতা-পিতার সন্ধান করা এবং তাহাদের সহিত যোগাযোগ করিতে পুলিশকে সহায়তা করা ;

(উ) শিশুবিষয়ক পুলিশ কর্মকর্তার সহিত শিশুর জামিনের সম্ভাব্যতা যাচাই বা ক্ষেত্রমত, তাৎক্ষণিকভাবে সংশ্লিষ্ট মামলার প্রেক্ষাপট মূল্যায়নপূর্বক বিকল্প পন্থা গ্রহণ করা ;

(ঊ) বিকল্প পন্থা অবলম্বন বা যুক্তিসংগত কোন কারণে জামিনে মুক্তি প্রদান করা সম্ভব না হইলে আদালতে প্রথম হাজিরার পূর্বে সংশ্লিষ্ট শিশুকে, শিশুবিষয়ক পুলিশ কর্মকর্তার মাধ্যমে, নিরাপদ স্থানে প্রেরণের ব্যবস্থা করা ; এবং

(ঋ) বিধি দ্বারা নির্ধারিত অন্যান্য দায়িত্ব পালন করা ;

(খ) আইনের সংস্পর্শে আসা শিশু বা আইনের সহিত সংঘাতে জড়িত শিশুকে শিশু আদালতে উপস্থিত করা হইলে —

(অ) আদালতে অবস্থান বা বিচারকালীন আদালতে উপস্থিত থাকা এবং যখনই প্রয়োজন হইবে, সংশ্লিষ্ট শিশুকে, যতদূর সম্ভব, সঙ্গ প্রদান করা ;

(আ) সরেজমিনে অনুসন্ধানপূর্বক সংশ্লিষ্ট শিশু ও তাহার পারিপার্শ্বিক অবস্থা বিবেচনাক্রমে, সামাজিক অনুসন্ধান প্রতিবেদন প্রস্তুত এবং আদালতে দাখিল করা ;

(ই) শিশুকে, প্রয়োজনে, জেলা আইনগত সহায়তা প্রদান কমিটির মাধ্যমে আইনগত সহায়তা প্রদানসহ শিশুর পক্ষে আইনগত প্রতিনিধিত্ব নির্মিত করা ;

(ঈ) শিশুর জন্য ন্যায়বিচার নিশ্চিত করিবার নিমিত্ত, উপ-দফা (ই) এর উদ্দেশ্যকে ক্ষুণ্ন না করিয়া, প্রয়োজনে, বেসরকারি পর্যায়ে কর্মরত আইনগত সহায়তা প্রদানকারী সংস্থার সহিত যোগাযোগ করা এবং শিশুর পক্ষে আইনগত প্রতিনিধিত্ব নিশ্চি করা ; এবং

(উ) বিধি দ্বারা নির্ধারিত অন্যান্য দায়িত্ব পালন করা ;